গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনাল-৩ শাখা

নং- ৫৯.০০.০০০০.১১১.৯৯.০০৩.২১.২১১

তারিখ- ০৯ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র, থানচি, বান্দরবান পরিদর্শন।

সূত্রঃ এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২.১৩৪৬; তারিখ ০১.১১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ৯/১২/২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র, থানচি, বান্দরবান পরিদর্শন করা হয় ।



মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র, থানচিতে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ (০৯-১৪ ডিসেম্বর) ২০২৩ শুভ উদ্বোধন করি। এ সময় ইমপ্লানন ক্যাম্প চলমান ছিল। সার্জন হিসেবে সেবাপ্রদান করছিলেন জনাব ডাঃ শামীম ইকবাল মুকুল, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), থানচি, বান্দরবান। আমার সঙ্গে ছিলেন জনাব ডাঃ অং চালু, সহকারী পরিচালক (সিসি), পরিবার পরিকল্পনা, বান্দরবান, জনাব শম্ভু চন্দ্র দেব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানচি এবং বলিপাড়া ইউনিয়নের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।



মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র, থানচি, বান্দরবান পরিদর্শন প্রতিবেদন

ক্রমিক নং	পরিদর্শনকৃত বিষয়	বিবরণ
০১	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, থানচি, বান্দরবান
০২	পরিদর্শনের তারিখ ও সময়	০৯/১২/২০২৩ খ্রিঃ, সকাল ১১ঃ০০ ঘটিকা
০৩	পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম	-
০৪	প্রতিষ্ঠানের জনবলের সার্বিক অবস্থা	SACMO ০১ জন FWV ০২ জন আয়া ০১ জন নৈশ প্রহরী ০১ জন (বাঘমারা FWC -তে সংযুক্তিতে কর্মরত আছেন)।
০৫	পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি	মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সকলেই উপস্থিত ছিলেন।

০৬	পরিদর্শনকালে কোন Stackholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে সংক্ষিপ্ত বিবরণ 	মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপস্থিত সেবা গ্রহিতাদের সাথে সেবার মান নিয়ে জিজ্ঞাসাবাদ করলে তারা সন্তোষজনক মর্মে জানান। 
০৭	আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	আর্থিক বিষয়াদি পর্যবেক্ষন করা হয়নি। তবে ইউনিয়নে সরাসরি বাজেট আসে কি না জানতে চাইলে বলেন যে, কেন্দ্রে সরাসরি অর্থ বরাদ্দ আসার সুযোগ নাই বিধায় উপজেলা থেকে চাহিদা মোতাবেক মালামাল ক্রয় করে সরবরাহ করা হয়।
০৮	প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা	মডেল বলিপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ভিতরে পরিবেশ কেন্দ্রের আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন ছিল।
০৯	প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা 	থানচি উপজেলার ৪টি ইউনিয়নের মধ্যে এটি একটি মাত্র ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। এটি মডেল কেন্দ্র হিসেবে বিবেচিত হলেও এই প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোগত অবস্থা খুবই নাজুক। । কেন্দ্রটি অনেক পুরনো ও জরাজীর্ন। বেশকিছু দরজা, জানালা ভাঙ্গা এবং ছাদ এর কিছু অংশ ধসে পড়েছে। বর্জ ব্যবস্থাপনার প্লান্ট নাই।
১০	প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা	প্রয়োজনের তুলনায় অপ্রতুল।
১১	কোন সমস্যা/চাহিদা 	কেন্দ্রে মোবাইল নেটওয়ার্ক এবং ইন্টারনেট নেটওয়ার্ক খুবই দুর্বল। ট্যাবগুলো নিম্নমানের, অপারেট করতে বেশ সমস্যা হচ্ছে। কেন্দ্রে অবকাঠামোগত সমস্যা আছে। যেমনঃ দরজা, জানালা ভাঙ্গা। ছাদ খসে পড়ছে। চিকিৎসাসেবা প্রদান করতে গিয়ে সেবাপ্রদানকারীরা ঝুঁকির মধ্যে আছে। টয়লেট পরিস্কার পরিচ্ছন্ন নয়, হাইজিন মেইন্টেন হয়না। জরুরি প্রয়োজনে ও ভাল সেবা নিশ্চিতকরনের লক্ষে রোগী আনা নেওয়ার জন্য কোনো নিজস্ব যানবাহন নাই।

১২	সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ) 	থানচি উপজেলা বান্দরবান জেলার বান্দরবান জেলার ৭ টি উপজেলার মধ্যে থানচি সবচেয়ে বড় উপজেলা। এটি একটি দূর্গম পাহাড়ি এলাকা। এ উপজেলায় বর্তমানে ৪টি ইউনিয়ন রয়েছে।৩২ টিগ্রাম নিয়ে বলিপাড়া ইউনিয়ন গঠিত। ৪টি ইউনিয়নের মধ্যে ২টি ইউনিয়নে যাওয়ার একমাত্র মাধ্যম নদীপথ, থানচি সদর থেকে যেতেও প্রায় ৩ থেকে সাড়ে ৩ ঘন্টা সময় লাগে। ৪টি ইউনিয়নের মধ্যে শুধুমাত্র বলিপাড়া ইউনিয়নে ১টি স্থায়ী স্বাস্থ্য কমপ্লেক্স(এফডব্লিউসি)রয়েছে। সেটেলাইট ক্লিনিকের সংখ্যা ১২ টি। থানচি উপজেলার জনসংখ্যা প্রায় ২৫৮১৪ জন। সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৭৫১জন। এদের মধ্যে ৩৯২৫ জন পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহন করছেন এবং এখান থেকে স্বাস্থ্যসেবা নিচ্ছেন। মডেল ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স হিসেবে এর মান যথেস্ট নয়।সেবা প্রদানের জন্য ইনস্ট্রুমেন্ট ও আসবাবপত্র পর্যাপ্ত নাই।জরুরি ও ভাল সেবা নিশ্চিতকরনের লক্ষে রোগী জেলায় স্থানান্তরের জন্য কেন্দ্রের কোনো নিজস্ব যানবাহন নাই। **থানচি উপজেলার মধ্যে শুধুমাত্র বলিপাড়া ইউনিয়নে যেহেতু একটি স্থায়ী এফ ডব্লিউসি রয়েছে এবং এটি যেহেতু মডেল স্বাস্থ্য কমপ্লেক্স, সুতরাং সকল ধরনের সুযোগ সুবিধা সহ আধুনিক মডেল স্বাস্থ্য কমপ্লেক্স হিসেবে পুনঃস্থাপন করা প্রয়োজন।**

০৩.০১.২০২৪

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

নাসরিন পারভীন
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।